ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৮৫
আগরতলা, ২৮ আগস্ট, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সভাপতিত্ব করেন উক্ত স্থায়ী কমিটির সভাপতি মলয় লোধ। সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় জলসম্পদ দপ্তরের আধিকারিক জানান, জলসেচের সুযোগ সম্প্রসারণের জন্য পশ্চিম ত্রিপুরার অন্তর্গত মোহনপুর ব্লকে ৩২টি, বামুটিয়া ব্লকে ২৬টি, মোহনপুর পুর পরিষদে ৭টি, জিরানীয়া ব্লকে ২২টি, পুরাতন আগরতলা ব্লকে ১৬টি এবং আগরতলা পুরনিগম এলাকার ৬টি উত্তোলক সেচ প্রকল্প ও গভীর নলকূপের মাধ্যমে সেচ প্রকল্প রূপায়ণের কাজ চলছে।

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে কিষাণ ক্রেডিট কার্ড প্রকল্পে এখন পর্যন্ত মোট ৫৪ জনের ঋণ মঞ্জুর করা হয়েছে এবং এতে মোট ৩৪ লক্ষ ৮১ হাজার টাকা ব্যয় হয়েছে। পশ্চিম জেলার অন্তর্গত ডুকলি, মোহনপুর, হেজামারা, লেফুঙ্গা, জিরানীয়া, বেলবাড়ি, মান্দাই, পুরাতন আগরতলা ও বামুটিয়া কৃষি মহকুমায় কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে মোট ১৬১১.৬৩৩ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। পশ্চিম জেলায় সার পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে। সভায় মৎস্য দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে পশ্চিম জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত মোট ২১৭৩ জন মৎস্যচাষিকে সেপ্টেম্বর মাসের মধ্যে আর্থিক সহায়তা দেওয়া হবে। এতে মোট ১ কোটি ২০ লক্ষ ৯৬ হাজার টাকা ব্যয় হবে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিক জানান, মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে পশ্চিম জেলায় ৬৪ জন সুবিধাভোগীকে মুরগী পালনে সহায়তা করা হয়েছে এবং ২৫ জনকে শূকর ছানা পালনে সহায়তা করা হয়েছে।

******